দর্শনার সুলতানপুরে খামার দিবস পালিত

দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সীমান্তবর্তী সুলতানপুর গ্রামে আজ সোমবার বেলা ১১টার সময় খামার দিবস পালিত হয়েছে।

সমন্বিত কৃষি ইউনিটভুক্ত প্রাণীসম্পদ খাতের আওতায় বাউ মুরগী পালনে সফল খামারীদের নিয়ে এ খামার দিবস অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন ইউপি সদস্য শহিদুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. এহতেশামুল হক। এছাড়াও উপস্থি ছিলেন সহকারী প্রাণীসম্পদ কর্মকর্তা হাসান রেজা, ব্যবসায়ী ও কৃষক রকিবুল ইসলাম ও নাসির উদ্দিন, সাইফুল ইসলাম প্রমূখ।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) অর্থায়নে এবং ওয়েভ ফাউন্ডেশনের সহায়তায় খামার দিবসে ৮০ জন খামারী উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস

দামুড়হুদায় রবি মৌসুমে যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৪ টার দিকে লোকনাথ পুর বাসস্টান্ডে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

লোকনাথপুর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ও সাবেক মেম্বার আশাদুল হক সেন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

এ সময় প্রাধান অতিথি বলেন, লাউয়ের পাতা সবুজ ও নরম হয়। পুরুষ ও স্ত্রী ফুল যথাক্রমে রোপণের ৪২-৪৫ দিন এবং ৫৭-৬০ দিনের মধ্যে ফুটে। হালকা সবুজ রঙয়ের ফলের আকৃতি লম্বা (৪০-৪৫) এবং বেড় প্রায় ৩০-৩৫ সেমি.। প্রতি ফলের ওজন দেড় থেকে ২ কেজি। প্রতি গাছে গড়ে ১০-১২টি ফল ধরে। চারা রোপণের ৬০-৭০ দিনের মধ্যে প্রথম ফল তোলা যায়। লাউ প্রধানত শীত মৌসুমের। শীতকালে ফলন বেশি। এটি উচ্চতাপ ও অতিবৃষ্টি সহিষ্ণু ফলে সারা বছরও জন্মানো যায়। বাংলাদেশের সব এলাকায় সারা বছরই এর চাষ করা যায়। শীতকালীন চাষের জন্য ভাদ্রের প্রথমে আগাম ফসল হিসেবে চাষ করা যাবে।

১০০ গ্রাম লাউয়ে ১৫ ক্যালরি ও ০.১ গ্রাম ফ্যাট থাকে। এতে ভিটামিন সি ও সামান্য বি ভিটামিন, আয়রন, সোডিয়াম এবং পটাসিয়াম ও থাকে। লাউয়ে ভালো পরিমাণে দ্রবণীয় ও অদ্রবণীয় ফাইবার এবং জল থাকে। তাই লাউ পরিপাকে এবং পরিপাক সম্পর্কিত সমস্যা যেমন- কোষ্ঠকাঠিন্য, পেট ফাঁপা ও এসিডিটির সমস্যা সমাধানে সাহায্য করে।

এ ছাড়া আরো উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, উপসহকারী কৃষি অফিসার জালাল উদ্দীন, উপসহকারী কৃষি অফিসার মুকুল হোসেন ও এলাকার নারী পুরুষ কৃষকসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় উপজেলা নির্বাচনী মতবিনিময় সভায় সবার সমর্থন চাইলেন আলী মুনছুর বাবু

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী প্রচারণায় মাঠ নেমেছেন বর্তমান দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। দলীয় নেতাকর্মি সহ সর্বস্তরের মানুষের সাথে করেছেন কূশল বিনিময়, চাচ্ছেন দোয়া, সমর্থন ও ভোট। উপজেলার দলীয় নেতাকর্মি ও জনপ্রতিনিধি সহ সর্বস্তরের মানুষের সাথে মতবিনিময়সভা করেছেন।

গতকাল রবিবার বেলা ১১ টার দিকে। নিজ আয়োজন দর্শনা অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টার চত্তর অনুষ্ঠিত এ সভায় অনুষ্ঠানের আয়োজক আলী মুনছুর বাবু হৃদয় ছোয়া বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারাদেশে যে উন্নয়নের জোয়ার বইছে, এ জোয়ারের ধারাবাহিকতা ধরে রাখতে দামুড়হুদাকে মডেল উপজেলা রুপান্তিত করা আমার লালিত স্বপ্ন। এবারো আপনাদের সমর্থন ও ভালবাসা পেলে ইনশালল্লাহ সে স্বপ্ন বাস্তবায়ন করবো সকলকে সাথে নিয়ে।

কার্পাসডাঙ্গা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্রোর সভাপতিত্বে সভায় আরও বক্তব্যে দেন, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযাদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, ইউপি চেয়ারম্যান হযরত আলী, আব্দুল করিম, শফিকুল ইসলাম শফি, কামাল উদ্দিন, নাজিম উদ্দিন, সাবেক চেয়ারম্যান শাহ এনামুল করিম ইনু।

দর্শনা পৌর আওয়ামী লীগের যুগসম্পাদক গোলাম ফারুক আরিফের প্রাণবন্ত উপস্থাপনায় অন্যান্যদের মধ্যে বক্তব্যে দেন, আওয়ামী লীগ নেতা আবু সাঈদ খোকন, হামিদুল্লাহ বিশ্বাস, শফিকুর রহমান, শফিউল কবীর ইউসুফ, আব্দুল কাদের, বরকত আলী, আবু তালেব, জিয়াউল হক, বিল্লাল হোসন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হানান ছোট, দর্শনা পৌর কাউন্সিলর সাবির হোসন মিকা। উপস্তিত ছিলেন, উপজেলা যুবলীগের সহসভাপতি সোলায়মান কবীর, সহসম্পাদক আব্দুল মানান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, মামুন শাহ, আব্দুস সালাম ভূট্রা, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভজ, অপু সরকার প্রমুখ।

চুয়াডাঙ্গায় স্বাস্থ্য অধিদপ্তরের অভিযান জরিমানা

আদায়

চুয়াডাঙ্গায় বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিক ও হাসপাতালে অভিযান চালিয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তারা এ সময় বিভিন্ন কারণে জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল রবিবার দুপুর সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গার ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডাঃ আওলিয়ার রহমান এবং চুয়াডাঙ্গা সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাজজাদ হোসেন।

স্বাস্থ্য অধিদপ্তরের জারি করা ১০ দফা নির্দেশনা ও শর্ত পালন নিশ্চিত করতে এ অভিজান পরিচালনা করা হয়।

নির্দেশনায় বলা হয়, নিবন্ধিত হাসপাতাল ও ক্লিনিক ছাড়া কোনো অবস্থাতেই চেম্বারে অথবা ডায়াগনস্টিক সেন্টারে অ্যানেসথেসিয়া দেওয়া যাবে না। বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) স্বীকৃত বিশেষজ্ঞ অ্যানেসথেটিস্ট ছাড়া কোনো অস্ত্রোপচার করা যাবে না। ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্স নিয়ে হাসপাতালের সেবা দেওয়া যাবে না।

চুয়াডাঙ্গার ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা. আওলিয়ার রহমান বলেন, অভিযানে গিয়ে বিভিন্ন ধরনের অনিয়মের প্রমাণ পেয়েছি। অনিয়মের কারণে আখিতারা নার্সিং ইনস্টিটিউট অ্যান্ড জেনারেল হাসপাতালকে ১০ হাজার টাকা এবং ডিজিটাল বাংলা এক্সরে অ্যান্ড ইসিজিকে ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে এবং বেশ কিছু প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়েছে।

তিনি আরও জানান, এসময় বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলোকে আবশ্যিকভাবে স্বাস্থ্য অধিদপ্তরের জারি করা ১০ দফা নির্দেশনা ও শর্ত মেনে চলার নির্দেশ দেওয়া হয়।

জীবননগরে আলী আজগার টগর এমপিকে সংবধনা দিলেন মুক্তিযোদ্ধা কমান্ড

চুয়াডাঙ্গা-২ আসন থেকে চার বার সংসদ সদস্য নিবাচিত হওয়ায় চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগরকে সংবধনা প্রদান করা হয়েছে।

গতকাল রোববার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের বীর মুক্তিযোদ্ধা গনের পক্ষ থেকে উপজেলার সীমান্ত ইউনিয়নের নতুন পাড়া ফরমান মন্ডলের বাগান বাড়িতে এ সংবধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা সমাজসেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল, বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

চুয়াডাঙ্গায় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

দূর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে ও দুর্যোগ

ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে ভূমিকম্প অগ্নিকান্ড বিষয়ক মহড়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা।

এ সময় তিনি বলেন, প্রকৃতি বা মনুষ্য সৃষ্টির কারণে যেকোনো সময় বা যেকোনো মাধ্যমে দ্বারা আমাদের উপর দুর্যোগ হানা দিতে পারে। এই দূর্যোগের যদি পূর্ব প্রস্তুতি বা দুর্যোগ থেকে কিভাবে রক্ষা পাওয়া যাবে সেটি যদি আমাদের না জানা থাকে তাহলে আমরা অনেক বড় বিপদের সম্মুখীন হতে হবে। তাই দূর্যোগ থেকে কিভাবে আমরা রক্ষা পাবো এবং নিজেকে কিভাবে দুর্যোগের হাত থেকে রক্ষা করতে হবে তারই প্রস্তুতি স্বরূপ আমাদের এই মহড়া।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন অফিসার এবং রেড ক্রিসেন্টের যৌথ নেতৃত্বে অগ্নিকান্ডের কারণে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি রোধকল্পে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা কৌশল হাতে-কলমে শিক্ষা দানের মহড়া অনুষ্ঠিত হয়।

এছাড়াও ভূমিকম্পনে ক্ষয়ক্ষতি রোধকল্পে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা কৌশল হাতে-কলমে শিক্ষা দানের মহড়া অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে র্যালি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পদে কৃষকলীগের নেতৃবৃন্দের সমর্থন ঘোষণা

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে ঘিরে কেন্দ্রীয় কৃষকলীগের সদস্য আজিজুল হক স্বতন্ত্র ভাইসচেয়ারম্যান প্রার্থী হওয়ায় আলমডাঙ্গা উপজেলা ও পৌর কৃষকলীগের নেতৃবৃন্দ তাকে সমর্থন ঘোষণা করেছেন।

আজ শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে কুমারি ইউনিয়নের কামালপুর বটতলা মোড়ে এক আলোচনা ও মতবিনিময় সভায় নেতৃবৃন্দরা তাদের মতামত ঘোষণা করেন।

এসময় উপস্থিত নেতৃবৃন্দরা জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা প্রতিক বিহীন উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। তারই ধারাবাহিতায় আওয়ামীলীগের পাশাপাশি কৃষকলীগের পক্ষ থেকে ও আজিজুল হককে স্বতন্ত্র হিসেবে ভাইসচেয়ারম্যানে প্রার্থী হয়ে নির্বাচন মাঠে লড়বেন। উপজেলার সকল নেতৃবৃন্দ ঐক্যজোট হয়ে আজিজুল হককে নির্বাচিত করার লক্ষ্যে ভোটের মাঠে থাকবে।

মতবিনিময় ও আলোচনা সভায় পৌর কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৌমেন্দ্রনাথ সাহার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষকলীগের সদস্য আজিজুল হক।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক খন্দকার বজলুল করিম, কৃষক লীগ নেতা একরামুল হক বুলু, উপজেলা কৃষক লীগের সহ-সভাপতি আব্দুল মোতালেব।

পৌর কৃষক লীগের সাধারণ সম্পাদক সাহাবুল হকের উপস্থাপনার বক্তব্য রাখেন কৃষক লীগ নেতা আমিরুল ইসলাম, সিরাজুল ইসলাম, জাহিদ জলিল, হাতেম আলী, আজিবুর রহমান, আব্দুল ওহাব, বাবু অসিত কুমার, হাবিবুর রহমান, রজব আলী, বিপ্লব চন্দ্র দাস, আইয়ুব আলী, ফজলুর রহমান, মইদুল ইসলাম, রতন আলী, রকিব উদ্দিন, রাজু আহমেদ প্রমুখ।

দামুড়হুদায় ৮ কাঠা জমির ফলন্ত ভুট্টা গাছ কেটে তসরুপ

গুনিজনরা বলেন শুত্রুতা যতোই হোক না কেন সম্পদ নষ্ট করতে নেই। গাছের কি দোষ? তেমনি দামুড়হুদা সদরে কে বা কাহারা শুত্রুতা করে ১০ কাঠা জমির ফলন্ত ভুট্টা গাছ কেটে দিয়েছে।

গতকাল শুক্রবার গভীর রাতে কে বা কাহারা ভুট্টা গাছগুলি কেটে দেয়। আজ শনিবার আনোয়ার হোসেন বাদি হয়ে দুইজনের নাম উল্লেখ করে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

জানাযায়,দামুড়হুদা উপজেলা সদরে মাদ্রাসাপাড়া মৃত ইছাহাক মন্ডলের ছেলে আনোয়ার হোসেন ১০ কাঠা জমিতে ভুট্টা লাগায়। ভুট্টা গাছে কেবল ফল ধরে শেষ হয়েছে। আর একমাস পরে ফসল ঘরে উঠবে আর সে সময় প্রায় ৮ কাঠা জমির ফলন্ত ভুট্টা গাছ কেটে দিয়েছে। এ মর্মে দামুড়হুদা মডেল থানায় দুইজনের নাম উল্লেখ করে অভিযোগ দায়ের করেন। অভিযোগে উল্লেখ করে যে দামুড়হুদা মাদ্রাসা পাড়ার শামসুল মোল্লা চেংটার ছেলে নুরআলম ও নুর আলমের ছেলে আশিকদের সহিত দীর্ঘদিন যাবৎ জমি জায়গা নিয়ে বিরোধ চলছে। তিনি আরো উল্লেখ করেন

দামুড়হুদা থানাধীন ব্রাক অফিস সংলগ্ন বেলে মাঠ নামক মাঠে আমার নিজ নামীয় ১০ কাঠা জমিতে ভূট্টা রোপন করিয়াছিলাম। সেই সুবাদে পূর্বের শত্রুতার জের ধরে গত ইং ০৮/০৩/২০২৪ তারিখ সন্ধ্যা অনুমান ০৬:৩০ ঘটিকা হইতে অদ্য ইং ০৯/০৩/২০২৪ তারিখ ভোর অনুমান ৫ ঘটিকার সময়ের মধ্যে যে কোন সময়ে তাহারা আমাদের নিজ জমি হইতে ১০ কাঠা জমির মধ্যে ০৮ কাঠা জমির ভুট্টা গাছ কর্তন করিয়াছে, যাহার আনুমানিক মূল্য ৩৫ হাজার টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

এ বিষয়ে ভুক্তভোগী আনোয়ার হোসেন বলেন, আমরা গরীব মানুষ বিভিন্ন জনের কাছে ধার দেনা করে চাষ করছি।আর এগুলি নষ্ট হয়ে গেল।কি করে ধার দেনা পরিশোধ করিবো। আর আমাদের একের পর এক ক্ষতি করিয়া আসিতেছে। ইহা ছাড়া প্রায় সময়ে উক্ত জমি জায়গার বিষয়াদিকে কেন্দ্র করিয়া আমাদেরকে অকথ্য ভাষায় গালি গালাজ সহ প্রাণ নাশের হুমকি ধামকী প্রদান করছে। তারা প্রায় সময়ে বলিতো তোদের এমন ক্ষতি করিয়া দেবো তাহা বুঝতেও পারবি না বলিয়া হুমকি দিয়া আসছে।

দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এস আই আসাদুজ্জামান আসাদ সত্যতা নিশ্চিত করে বলেন একটি অভিযোগ পেয়েছি। তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে।

আলমডাঙ্গার কুমারী ইউপিতে ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পদের উপনির্বাচন অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ৩ নম্বর কুমারী ইউনিয়ন পরিষদের ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পদের সাধারণ উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। কুমারী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

সকাল আটটা থেকে বিকেল চারটা পর্যন্ত একটানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। মোট ভোটার সংখ্যা ছিল ১ হাজার ৭শত ৭৯ জনের মধ্যে ১ হাজার ৩ শত ৪৮ জন ভোটার তাদের ভোট প্রদান করেছে। নির্বাচনে তিনজন মেম্বার প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে। তার মধ্যে টিউবয়েল প্রতীক নিয়ে সুখচান আলী মন্ডল ৫ শত ৩ ভোট পেয়ে সদস্য পদে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছে। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিল মোরগ প্রতীকের জাকির হোসেন সুমন। তিনি ভোট পেয়েছেন ৪ শত ৩২ ভোট পরাজিত হয়েছেন। অপরজন ফুটবল প্রতীক নিয়ে সেলিম রেজা ৪ শত চার ভোট পেয়েছেন।

রিটার্নিং অফিসারের দায়িত্ব ছিলেন উপজেলা নির্বাচন কর্মকর্তা মশিউর রহমান, প্রিজাইডিং অফিসারের দায়িত্ব ছিলেন বিআরডিবির প্রকল্প কর্মকর্তা আব্দুল মান্নান। কেন্দ্রে নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ, আনসারসহ আইন-শৃঙ্খলার দায়িত্ব পালন করেন।